

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা

[মূল্য সংযোজন কর]

প্রজ্ঞাপন

তারিখ, ১৮ আষাঢ়, ১৪২০ বঙ্গাব্দ / ০২ জুলাই, ২০১৩ খ্রিষ্টাব্দ

এস, আর, ও নং-২২৮-আইন/২০১৩/৬৮৪-মূসক।-মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ৩ এর উপ-ধারা (৫) এর দফা (খ) তে প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড উহার ২৩ জ্যৈষ্ঠ, ১৪২০ বঙ্গাব্দ মোতাবেক ০৬ জুন, ২০১৩ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস, আর, ও নং ১৬৮-আইন/২০১৩/৬৭২-মূসক এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের টেবিল এর-

- (১) কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা S০২২ এর আওতাধীন কলাম (২) এ উল্লিখিত সেবার কোড S০২২.০০ এবং উহার বিপরীতে কলাম (৩) এ নিম্নরূপ এন্ট্রি সন্নিবেশিত হইবে, যথা:-

“মিষ্টান্ন ভাণ্ডারঃ

ব্যাখ্যা।- “মিষ্টান্ন ভাণ্ডার” অর্থ মিষ্টান্ন বা মিষ্টান্নজাতীয় খাদ্য সামগ্রী প্রস্তুতকরণ বা বিক্রয়ে নিয়োজিত কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা”।;

- (২) কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা S০২৪ এর আওতাধীন কলাম (২) এ উল্লিখিত সেবার কোড S০২৪.০০ এবং উহার বিপরীতে কলাম (৩) এ নিম্নরূপ এন্ট্রি সন্নিবেশিত হইবে, যথা:-

“আসবাবপত্রের বিপণন কেন্দ্রঃ

ব্যাখ্যা।- “আসবাবপত্রের বিপণন কেন্দ্র” অর্থ নিজস্ব প্রস্তুতকৃত বা অন্যের দ্বারা প্রস্তুতকৃত যে কোন আসবাবপত্র পণের বিলিময়ে বিক্রয়ের স্থান এবং উক্তরূপ আসবাবপত্রের প্রস্তুত ও মেরামতের স্থানও উহার অন্তর্ভুক্ত হইবে”।;

- (৩) কলাম (১) এ উল্লিখিত শিরনামা সংখ্যা S০৯৯ এর আওতাধীন কলাম (২) এ উল্লিখিত সেবার কোড S০৯৯.৪০ এবং উহার বিপরীতে কলাম (৩) এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথা:-

“S০৯৯.৪০ মেডিটেশন সেবা :

ব্যাখ্যা।- “মেডিটেশন সেবা” অর্থ এমন কোন ব্যক্তি, প্রতিষ্ঠান বা সংস্থা যিনি বা যাহারা, পণের বিনিময়ে মনোদৈহিক রোগগ্রস্ত, হতাশাগ্রস্ত এবং নানাবিধ শারীরিক জটিল ব্যাধিতে আক্রান্ত রোগীকে অথবা যে কোন ব্যক্তিকে মেডিটেশন, ধ্যানচর্চা, কাউন্সেলিং, মোহিতকরণ বা অনুরূপ কোন পদ্ধতিতে মানসিক ও মনোদৈহিক উৎকর্ষ সাধন বা প্রশান্তি আনয়নের লক্ষ্যে সেবা প্রদান করেন।”।

২। এই প্রজ্ঞাপন ২৩ জ্যৈষ্ঠ, ১৪২০ বঙ্গাব্দ মোতাবেক ০৬ জুন, ২০১৩ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

(মোঃ শওকাত হোসেন)
প্রথম সচিব (মূসক নীতি)